# সম্প্রসারণ বার্তা

মাসিক সম্প্রসারণ বার্তা রেজি: নং ডিএ-৪৬২ ❑ ৪৭তম বর্ষ ❑ ১২তম সংখ্যা ❑ চৈত্র-১৪৩০, মার্চ-এপ্রিল, ২০২৪ ❑ পৃষ্ঠা ৮



মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরে ত্রৈমাসিক প্রান্তিক কর্মশালা ... ২

বারি ব্রোকলি-১ এর বীজ দেশে উৎপাদন সম্ভব ... ৩

যশোরের বাঘারপাড়ায় কৃষকের মাঝে আউশের ... ৪

কুমিল্লায় ২০২৩-২৪ অর্থবছরে সুশাসন প্রতিষ্ঠার ... ৫


## জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতি মোকাবিলায় গবেষণা আরো বাড়ানো হবে- মাননীয় কৃষিমন্ত্রী

কৃষিতে জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতি মোকাবিলায় গবেষণা আরো বাড়ানো হবে বলে জানিয়েছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুস শহীদ এমপি। তিনি বলেন, বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে কৃষি খাত। এ ক্ষতি মোকাবিলায় বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে জলবায়ু পরিবর্তনসহিষ্ণু ফসলের জাত ও প্রযুক্তি উদ্ভাবনে। আমাদের কৃষিবিজ্ঞানীদের হাত ধরে ইতোমধ্যে অনেক সাফল্য এসেছে। ভবিষ্যতে জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতি মোকাবিলায় গবেষণা কার্যক্রম আরো জোরদার করা হবে।

মঙ্গলবার, ১৬ এপ্রিল ২০২৪ সকালে রাজধানীতে হোটেল ইন্টারকন্টিনেন্টালে মিশিগান স্টেট ইউনিভার্সিটি এবং ফার্মিং ফিউচার বাংলাদেশ আয়োজিত ‘জলবায়ু কর্মকাণ্ড ও খাদ্য ব্যবস্থার রূপান্তর’ শীর্ষক দক্ষিণ এশিয় আঞ্চলিক কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধান অতিথি এসব কথা বলেন।

মাননীয় কৃষিমন্ত্রী বলেন, আমাদের বিজ্ঞানীগণ ও গবেষণা সংস্থাগুলো ক্রমবর্ধমান জনসংখ্যার জন্য প্রয়োজনীয় খাদ্য

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩




*রাজধানীতে হোটেল ইন্টারকন্টিনেন্টালে আঞ্চলিক কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুস শহীদ এমপি*

## কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১ম বৈঠক অনুষ্ঠিত



*কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১ম বৈঠক অনুষ্ঠানে কমিটির সভাপতি ড. মোঃ আব্দুর রাজ্জাক কমিটির সদস্য মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুস শহীদ এমপি প্রমুখ বৈঠকে অংশগ্রহণ করেন*

দ্বাদশ জাতীয় সংসদের ‘কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১ম বৈঠক আজ কমিটির সভাপতি ড. মোঃ আব্দুর রাজ্জাক এর সভাপতিত্বে সংসদ ভবনে ১৭ এপ্রিল ২০২৪ অনুষ্ঠিত হয়। কমিটির সদস্য মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুস শহীদ এমপি মোঃ মামুনুর রশীদ কিরন, এরপর পৃষ্ঠা ৩ কলাম ৩

## খুলনার দিঘলীয়ায় কৃষক সেবাকেন্দ্র উদ্বোধন



*খুলনার দিঘলীয়া উপজেলায় কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব ওয়াহিদা আক্তার কৃষকের মাঝে মাশরুম চাষের উপকরণ বিতরণ করেছেন*

খুলনার দিঘলীয়া উপজেলায় ৬ এপ্রিল ২০২৪ সকাল ১১টায় কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব ওয়াহিদা আক্তার “পার্টনারশিপ ইন ব্র্যাক ব্যাংক-ডিএই কৃষি উন্নয়ন” প্রকল্পের আওতায় কৃষক সেবাকেন্দ্রের ভবন নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ভিত্তিপ্রস্তর স্থাপনে এর পূর্বে এরপর পৃষ্ঠা ৭ কলাম ১

## সাতক্ষীরার কলারোয়ায় নিরাপদ ফসল উৎপাদনের মাঠ দিবস অনুষ্ঠিত

সাতক্ষীরার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিবেশ বান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন প্রকল্পের আওতায় সাতক্ষীরার কলারোয়া উপজেলার আলাইপুর কৃষক মাঠস্কুলের মাঠ দিবস ৩ এপ্রিল ২০২৪ সকালে আলাইপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন মাঠে অনুষ্ঠিত হয়েছে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সাতক্ষীরার উপপরিচালক কৃষিবিদ মোঃ সাইফুল



মাঠ দিবস অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন কৃষিবিদ মোঃ সাইফুল ইসলাম উপপরিচালক, ডিএই, সাতক্ষীরা

ইসলাম প্রধান অতিথির বক্তব্যে বলেন, পরিবেশের ক্ষতি না করে নিরাপদ ফসল উৎপাদনে কৃষকদের উদ্বুদ্ধ করতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এ প্রকল্প গ্রহণ করেছে। এ কৃষক মাঠস্কুলের উদ্দেশ্য হলো প্রশিক্ষিত কৃষকদের দ্বারা কৃষকদেরকে নিরাপদ ফসল উৎপাদনের বিভিন্ন ধাপে কি কি করনীয় তা ১৪ সপ্তাহব্যাপী হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা। মাঠ দিবসে প্রদর্শিত বিভিন্ন আধুনিক প্রযুক্তিসমূহ কৃষকেরা গ্রহণ করলে নিরাপদ ফসল উৎপাদনে সরকারের গৃহীত কর্মসূচির সফলতা লাভ করবে।

কলারোয়া উপজেলা কৃষি অফিসার শুভ্রাংশু শেখর দাস অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে মাঠ দিবসের বিভিন্ন কারিগরি দিকসমূহ তুলে ধরেন উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ অফিসার মোঃ জিয়াউল হক। কৃষক মাঠ স্কুলের মাঠস্কুলের অংশগ্রহণকারীসহ এলাকার শতাধিক কৃষক/কৃষাণী এ মাঠ দিবসে উপস্থিত ছিলেন।

*মোঃ আবদুর রহমান, কৃতসা, খুলনা*

## মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরে ত্রৈমাসিক প্রান্তিক কর্মশালা অনুষ্ঠিত


কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. সুরজিত সাহা রায়, পরিচালক, কৃষি তথ্য সার্ভিস

মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরে ত্রৈমাসিক প্রান্তিক কর্মশালা বৈশাখ - আষাঢ়-১৪৩১ বৃহস্পতিবার ২১ মার্চ ২০২৪ সকাল ১০ ঘটিকায় মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের সভাকক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের উপপরিচালক (উপসচিব) ডা. সঞ্জীব সূত্রধরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি তথ্য সার্ভিসের পরিচালক ড. সুরজিত সাহা রায়। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো. ফখরুল আলম, পরিচালক, কৃষি বিষয়ক কার্যক্রম, বাংলাদেশ বেতার। এছাড়াও কর্মশালায় আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর সংস্থার ফোকাল পয়েন্টবৃন্দ।

কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে ড. সুরজিত সাহা রায় বলেন, এ ধরনের ত্রৈমাসিক কর্মশালা প্রচার কার্যক্রমকে আরো সমৃদ্ধ করবে। পাশাপাশি এ ধরনের কর্মশালার মাধ্যমে সকলের পরামর্শ গ্রহণের সুযোগ থাকে।

অনুষ্ঠানে সভাপতি বক্তব্যে বলেন, মৎস্য ও প্রাণিসম্পদ খাতের পুষ্টি বিষয়ক জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কৃষি তথ্য সার্ভিস ও মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর কাজ করে যাচ্ছে। তিনি বলেন, পুষ্টির বিষয়ে এখনো মানুষের ভুল ধারণা কাজ করে। প্রাণীজ পুষ্টি সম্পর্কে সঠিক ধারণা প্রদান করতে মৎস্য প্রাণিসম্পদ তথ্য দপ্তর নিরলস কাজ করে যাচ্ছে।

কর্মশালাই স্বাগত বক্তব্য প্রদান করেন মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের তথ্য কর্মকর্তা (প্রাণিসম্পদ) ডা. মো. এনামুল কবির। দিনব্যাপী এ কর্মশালার কর্মশালার মূল পর্ব পরিচালনা করেন কৃষি তথ্য সার্ভিসের পরিচালক ড. সুরজিত সাহা রায়।

কর্মশালায় মূল পর্বের শেষে উন্মুক্ত আলোচনার পূর্ব অনুষ্ঠিত হয়। কর্মশালায় মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের পরিচিতি পর্ব উপস্থাপন করেন মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের গণযোগাযোগ কর্মকর্তা মো. সামছুল আলম।

*মো. সামছুল আলম, গণযোগাযোগ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়*




বরিশালে ভাসমান কৃষিপ্রযুক্তি বিষয়ক মাঠ দিবস ২ এপ্রিল ২০২৪ বাবুগঞ্জ উপজেলার আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্রে ভাসমান কৃষি প্রকল্পের উদ্যোগে এই মাঠ দিবসের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্রের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. বিমল চন্দ্র কুন্ডু। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভাসমান কৃষি প্রকল্পের প্রকল্প পরিচালক ড. মো. মোস্তাফিজুর রহমান তালুকদার। বিশেষ অতিথি ছিলেন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. আলিমুর রহমান এবং প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. রফিকুল ইসলাম। মাঠ দিবসে বানারিপাড়া, উজিরপুর, আগৈলঝাড়া, নেছারাবাদ, নাজিরপুর এবং কৃষক অংশগ্রহণ করেন।

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*

প্রিয় পাঠক, এখন থেকে অনলাইনে কৃষিকথা'র গ্রাহক হতে পারবেন। অনলাইনে গ্রাহক হতে QR কোড স্ক্যান করুন।

# বারি ব্রোকলি-১ এর বীজ দেশে উৎপাদন সম্ভব

কৃষি গবেষণা কেন্দ্র, খুলশী, চট্টগ্রাম এর আয়োজনে বারি ব্রোকলি-১ এর বীজ উৎপাদন, আবাদ সম্প্রসারণ ও বাজারজাতরণ বিষয়ক কর্মশালা ২৯ মার্চ ২০২৪ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মোহাম্মদ নাছির উদ্দিন, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম। তিনি বলেন দু-এক বছর আগেও ব্রোকলি বংলাদেশে অপরিচিত ও অপ্রচলিত ছিল। বর্তমানে এটা লাভজনক হিসাবে দিনদিন জনপ্রিয় হয়ে উঠেছে। ব্রোকলির উৎপত্তি স্থল ইতালিতে। ইতালি ও মার্কিন যুক্তরাষ্ট্রে সর্বাধিক জনপ্রিয়। দেখতে ফুলকপির মতো মনে হলেও রং সবুজ, এ জন্য অনেকে সবুজ ফুলকপি বলে। চমৎকার এ সবজিটি এখন বাংলাদেশেই চাষ হচ্ছে এবং এর চাহিদাও দিনদিন বেড়ে চলছে এর কারণ হলো এটা অপেক্ষকৃত পুষ্টি সমৃদ্ধি ও ক্যান্সার প্রতিরোধক। এতে প্রচুর প্রোটিন, ভিটামিন খনিজ পদার্থ আছে এটা নিয়মিত খেলে তারুন্যতা বৃদ্ধি পায়। বারি ব্রোকলি-১ এর পুষ্প মঞ্জুরি সংগ্রহের পরে রেখে দিলে পুনরায় পুষ্প মঞ্জুরি গজিয়ে ফুল ও ফলে রুপান্তরিত হয়ে বীজ উৎপাদন করা সম্ভব।

কৃষিবিদ ড. এ এস এম হারুনর রশীদ, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি গবেষণা কেন্দ্র, খুলশী, চট্টগ্রাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ ডঃ মোঃ সহিদুল ইসলাম খান, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক গবেষণা কেন্দ্র, হাটহাজারী, চট্টগ্রাম। অন্যানের মধ্যে ডিএইর জেলা ও উপজেলার কর্মকর্তাগণ, কৃষি গবেষণা কেন্দ্র, খুলশী ও হাটহাজারী কর্মকার্তাগণ, উপসহকারী কৃষি কর্মকর্তা সাংবাদিক কৃষি তথ্য সার্ভিস এর আঞ্চলিক বেতার কৃষি কর্মকর্তা কৃষিবিদ সুলতানা রাজিয়া উপস্থিত ছিলেন।




*কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মোহাম্মদ নাছির উদ্দিন, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম*

***সৌরভ চন্দ্র বড়ুয়া, কৃতসা, চট্টগ্রাম***

# ৩০% খাদ্য অপচয় হয়, কমাতে পারলে খাদ্য নিরাপত্তা শক্তিশালী হবে

*শেষ পাতার পর*

সম্মেলনে খাদ্য ও পানি সংরক্ষণ এবং খাদ্য অপচয়রোধ শীর্ষক সেশনে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন।

মাননীয় কৃষিমন্ত্রী বলেন, কৃষিতে বর্তমান সরকারের এখন অগ্রাধিকার হলো ফসলের সংগ্রোত্তর নষ্ট ও অপচয়ের বিশাল পরিমাণ কমিয়ে আনা। সেলক্ষ্যে সরকার ৫০-৭০ শতাংশ ভর্তুকিতে কৃষকদের কৃষিযন্ত্র দিয়ে যাচ্ছে এবং বহুমুখী হিমাগার নির্মাণ, বহুফসলের সমন্বিত সংরক্ষণাগার নির্মাণ ও শাকসবজি পরিবহনে রেফ্রিজারেটেড ভেহিকল প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে। কৃষি প্রক্রিয়াজাতকরণে গুরুত্বারোপ করা হচ্ছে।

খাদ্য নষ্ট ও অপচয়ের পরিমাণ কমাতে ফসল তোলা, মাড়াই, পরিবহণ ও সংরক্ষণে বিশাল বিনিয়োগ প্রয়োজন বলে জানান মাননীয় কৃষিমন্ত্রী। তিনি বলেন, সরকার গুরুত্ব দিয়ে কাজ করছে; তারপরও এসব খাতে বেসরকারি ও বিদেশি বিশাল বিনিয়োগ প্রয়োজন। আমরা এখন সরকারি-বেসরকারি অংশীদারিত্বে (পিপিপি) অগ্রাধিকার দিচ্ছি। বিদেশি বিনিয়োগ আনার বিষয়ে এফএও সহযোগিতা করতে পারে।

অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের যুগ্মসচিব মো: মাহমুদুর রহমান এবং এফএওর বাংলাদেশ প্রতিনিধি জিয়াওকুন শি উপস্থিত ছিলেন।



এছাড়া, মাননীয় কৃষিমন্ত্রী জাপানের কৃষি, বন ও মৎস্য প্রতিমন্ত্রী সুজুকি নোরিকাজু (SUZUKI Norikazu) এবং মালয়েশিয়ার কৃষি ও খাদ্য নিরাপত্তা মন্ত্রী মোহাম্মদ সাবু (Mohamad Sabu) এর সঙ্গে পৃথক বৈঠক করেন।

***প্রেসবিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়***



মহান স্বাধীনতা দিবস-২০২৪ উপলক্ষ্যে কুমিল্লা টাউনহলে স্মৃতিসৌধ চত্বরে কুমিল্লা জেলায় কর্মরত কৃষি মন্ত্রণালয়ের সকল প্রতিষ্ঠানের শ্রদ্ধাঞ্জলি অর্পণ (২৬ মার্চ ২০২৪)। *মো. মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা*

# কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১ম বৈঠক অনুষ্ঠিত

*প্রথম পাতার পর*

এ কেএম রেজাউল করিম তানসেন, মোঃ জাকির হোসেন এবং ফরিদুন্নাহার লাইলী বৈঠকে অংশগ্রহণ করেন। বৈঠকে পরিচিতি পর্ব, কৃষি মন্ত্রণালয় এবং এর অধীনস্থ সংস্থা/প্রতিষ্ঠানসমূহের কার্যাবলি অবহিতকরণ, প্রতিটি বিভাগীয় আলু সংরক্ষণাগার আধুনিকায়ন, নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা হয়। কৃষি মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. মলয় চৌধুরী (অতিরিক্ত সচিব), মহাপরিচালকগণ, প্রধান নির্বাহীগণ, বিভিন্ন দপ্তর, সংস্থার প্রধানসহ মন্ত্রণালয় এবং জাতীয় সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ বৈঠকে উপস্থিত ছিলেন।

***প্রেসবিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়***

# যশোরের বাঘারপাড়ায় কৃষকের মাঝে আউশের প্রণোদনা বিতরণ



যশোরের বাঘারপাড়ায় জাতীয় সংসদ সদস্য যশোর-৪ জনাব এনামুল হক বাবুল ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করছেন

জাতীয় সংসদ সদস্য যশোর-৪ এনামূল হক বাবুল বলেছেন, কৃষি বান্ধব সরকার কৃষি উৎপাদন অব্যাহত রাখতে নানা কর্মসূচি গ্রহণ করেছেন। সারা বিশ্বে অর্থনৈতিক অস্থিরতা সত্ত্বেও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে প্রণোদনা কর্মসূচী চালু রেখেছেন। বাংলাদেশের কৃষির উন্নয়ন এখন বিশ্বের রোল মডেল। দেশের আধুনিক কৃষি ২০৪১ সালে স্মার্ট কৃষিতে পরিণত করতে দেশের কৃষি বিজ্ঞানী ও কৃষি বিভাগ কাজ করে চলেছে। তিনি ২ এপ্রিল ২০২৪ সকালে যশোরের বাঘারপাড়া উপজেলার হল রুমে ২০২৩-২৪ অর্থ বছরে খরিপ-১/২০২৪-২০২৫ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ১ হাজার ৪শত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণের উদ্বোধনকালে এসব কথা বলেন। উফশী আউশ ধান ফসল আবাদ বৃদ্ধির লক্ষে এসব কৃষকের মাঝে ৫ কেজি উচ্চফলনশীল আউশ ধান বীজ, ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার বিতরণ করা হবে বলে উপজেলা কৃষি অফিস সূত্রে জানা গেছে। এতে ১ হাজার ৪শত হেক্টরে আউশ উৎপাদন হবে বলে আশা করা হচ্ছে। বাঘারপাড়া উপজেলা নির্বাহী অফিসার হোসনে আরা তান্নির সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন উপজেলা কৃষি অফিসার সাইয়েদা নাসরিন জাহান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন, উপজেলা চেয়ারম্যান ভিক্টোরিয়া পারভীন সাথী, ভাইস চেয়ারম্যান মোঃ আব্দুর রউফ ও মহিলা ভাইস চেয়ারম্যান বীথিকা বিশ্বাস প্রমুখ।

*মোঃ আবদুর রহমান, কৃতসা, খুলনা*




# পাবনায় বিশ্ব পানি দিবস উপলক্ষ্যে শোভাযাত্রা আলোচনা সভা

শুক্রবার ২২ মার্চ ২০২৪ পাবনায় পালিত হয় বিশ্ব পানি দিবস। দিবসটির এবারের প্রতিপাদ্য 'ওয়াটার ফর পিস' বা 'শান্তির জন্য পানি'। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও দিবসটি পালনে সরকারি ও বেসরকারি দপ্তর সংস্থা বিভিন্ন কর্মসূচি হাতে নিয়ে থাকে। এ উপলক্ষে সকাল সাড়ে ১০টায় জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ে শেষ হয়। এরপর এক আলোচনা সভা জেলা প্রশাসকের কার্যালয়ের উপপরিচালক স্থানীয় সরকার মো. সাইফুর রহমানের সভাপতিত্বে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

পাবনা জেলা প্রশাসন ও পানি উন্নয়ন বোর্ডের যৌথ আয়োজনে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য দেন, এডিসি সার্বিক মো. শরিফ আহমেদ, পানি উন্নয়ন বোর্ডের তত্ত্বাবধায়ক প্রকৌশলী সুধাংশু কুমার সরকার, নির্বাহী প্রকৌশলী অমিতাভ চৌধুরী, বাংলাদেশ পরিবেশ আন্দোলন পাবনা জেলা শাখার সাধারণ সম্পাদক, সাংবাদিক-কলামিস্ট আব্দুল হামিদ খান, দৈনিক সিনসার সম্পাদক এস এম মাহবুব আলম প্রমুখ। এ সময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, পাবনা জেল সুপার নাসির উদ্দিন প্রধান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপপরিচালক মো. নূরে আলম, বিএডিসির উপপরিচালক শামিম আহমেদ, পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) মো. নওফেল হোসেন ও বিভিন্ন দপ্তর সংস্থার কর্মকর্তা কর্মচারীগণ।

*মো: এমদাদুল হক, কৃতসা, পাবনা*

# ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বীজ ও সার বিতরণ

উপজেলা কৃষি অফিস নড়াইল সদর উপজেলা চত্বরে ২০২৩-২৪ অর্থবছরে উফশী আউশ ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে আউশ ধানের বীজ ও রাসায়নিক সার বিতরণ কার্যক্রম ০৩ এপ্রিল ২০২৪ উদ্বোধন করা হয়েছে। প্রতি জন কৃষক ৫ কেজি করে আউশ ধানের বীজ, ১০ কেজি করে ডিএপি, ১০ কেজি করে এমওপি সার বিতরণ করা হয়। এ সময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নড়াইল সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ নিজাম উদ্দিন খান নিলু। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মোঃ রোকনুজ্জামান।

*মোঃ আসাদুজ্জামান, কৃতসা, খুলনা*




প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নড়াইল সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ নিজাম উদ্দিন খান নিলু

## সিলেটে "Regional Marketing Workshop" (পার্টনার-ডিএএম অংগ) অনুষ্ঠিত




*প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো. মাসুদ করিম, মহাপরিচালক (অতিরিক্ত সচিব) কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা*

প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ অ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ) এর আওতায় ২৫ মার্চ ২০২৪ হোটেল নূরজাহান গ্র্যান্ড, দরগাগেইট, সিলেটে 'আঞ্চলিক মার্কেটিং কর্মশালা' অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ড. মুহাম্মদ আবদুল্লাহ আল-ফারুক, এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর, পার্টনার (ডিএএম অংগ), কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো. মাসুদ করিম, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

প্রধান অতিথি বক্তব্যে বলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের উদ্যোগে (পার্টনার) শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। দেশব্যাপী কৃষি ক্ষেত্রসমূহে উদ্যোক্তা তৈরি, প্রণোদনা ও অনুপ্রেরণা প্রদান, মনিটরিং, ভ্যালু চেইন তৈরি ও সে অনুযায়ী সেবা প্রদানে সরকার কাজ করছে। দেশে লাভজনক ও পুষ্টিকর অপরিচিত ফসলসমূহ উৎপাদন প্রচারণার মাধ্যমে কৃষকদের উৎসাহ প্রদান ও এলাকাভিত্তিক কৃষক, প্রশিক্ষক ও অংশীজনদের নিয়ে বিভিন্নপ্রশিক্ষণের আয়োজন করছে। মূল প্রবন্ধ উপস্থাপন করেন মাসুদ রানা, ডেপুটি প্রোগ্রাম ডিরেক্টর, পার্টনার (ডিএএম অংগ), কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা ও মো. রশিদুল ইসলাম, সিনিয়র মনিটরিং অফিসার পার্টনার (ডিএএম অংগ), কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কৃষিবিদ মো. মতিউজ্জামান, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট; মীর এনামুল ইসলাম, উপপরিচালক, কৃষি বিপণন, সিলেট বিভাগ; ড. মাহমুদুল ইসলাম নজরুল, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, সিলেট; স্বর্ণলতা রায়, সভাপতি, উইমেন চেম্বার, সিলেট।

কৃষি বিপণন অধিদপ্তর ঢাকার সিনিয়র মনিটরিং অফিসার মো. বায়েজিদ বোস্তামীর উপস্থাপনায় উক্ত কর্মশালার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন আবু সালেহ মোঃ হুমায়ুন কবির, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, সিলেট। উক্ত কর্মশালায় কৃষি মন্ত্রণালয়ের অধীনে সিলেট অঞ্চলের কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ, কৃষক, কৃষি উদ্যোক্তা ও ব্যবসায়ীগণ অংশগ্রহণ করেন। *মো. জুলফিকার আলী, কৃতসা, সিলেট*

## কুমিল্লায় ২০২৩-২৪ অর্থবছরে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের সভা অনুষ্ঠিত



*সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. সুরজিত সাহা রায়, পরিচালক, কৃতসা*

কৃষি তথ্য সার্ভিস প্রধান কার্যালয়ের আয়োজনে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের সভা অনুষ্ঠিত হয় বিনা, কুমিল্লা এর কনফারেন্স রুমে ২৮ মার্চ ২০২৪ অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. সুরজিত সাহা রায়, পরিচালক, কৃষি তথ্য সার্ভিস। এ ছাড়াও কৃষি তথ্য সার্ভিস প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা এর অফিসারবৃন্দ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ, এনজিও প্রতিনিধি, কৃষক, সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শেষ পর্যায়ে 'কৃষি কথা'র সর্বোচ্চ সংখ্যক গ্রাহক সংগ্রহ করার জন্য উপজেলা কৃষি অফিসারসহ উপসহকারি কৃষি কর্মকর্তাদের সম্মাননা স্মারক ও প্রশংসাপত্র প্রদান করা হয়।

*কৃষিবিদ মো. মুশিউর ইসলাম, কৃতসা, কুমিল্লা*




ঢাকা অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মোঃ আহ্সানুল বাসার মহোদয়ের সভাপতিত্বে মাসিক বিভাগীয় সভা অনুষ্ঠিত হয়, (মার্চ ২০২৪, বুধবার)। *কৃষিবিদ সাবরিনা আফরোজ, কৃতসা, ঢাকা*

## পুষ্টি কর্নার : তরমুজ



*সংকলন- কৃষি ডাইরি, কৃতসা, ঢাকা*

তরমুজ একটি অত্যন্ত সুস্বাদু ও পুষ্টিকর ফল। এতে প্রচুর পরিমাণে ক্যালসিয়াম, লৌহ ও ভিটামিন 'এ' বিদ্যমান। খাদ্যোপযোগি প্রতি ১০০ গ্রাম তরমুজ এ জলীয় অংশ ৯৫.৮ গ্রাম, খনিজ পদার্থ ০.৩ গ্রাম, হজমযোগ্য আঁশ ০.২ গ্রাম, খাদ্যশক্তি ২২ কিলোক্যালরি, পানি (গ্রাম) ৯৪.২, আমিষ ০.৫ গ্রাম, চর্বি ০.২ গ্রাম, শর্করা ৪.৪ গ্রাম, খাদ্যআঁশ ০.৪, ক্যালসিয়াম ১২ মিলিগ্রাম, লৌহ ০.৪ মিলিগ্রাম, জিংক ০.১৫, ভিটামিন-এ ২৯, ভিটামিন-ই ০.০৫, থায়ামিন ০.০২, রাইবোফ্লাভিন ০.০৪, ভিটামিন সি ২৩.৯ মিলিগ্রাম পুষ্টি উপাদান রয়েছে।




চাষের কথা, চাষির কথা পাবেন পড়লে 'কৃষিকথা'

## তেলজাতীয় ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত

তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থবছরে দিনাজপুর ও রংপুর অঞ্চলের আঞ্চলিক কর্মশালা ১০ মার্চ ২০২৪ রোববার কৃষি সম্প্রসারণ অধিদপ্তর দিনাজপুর ও রংপুর অঞ্চলের আয়োজনে দিনাজপুরের বাঁশের হাট ব্রাক লার্নিং সেন্টারে এই কর্মশালা অনুষ্ঠিত হয়। বিশ্বাস, কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন রংপুর অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ ওবায়দুর রহমান মণ্ডল।

প্রকল্পের মূল প্রবন্ধ উপস্থাপন করেন তেলজাতীয় ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্পের প্রকল্প পরিচালক কৃষিবিদ মুহাম্মদ আরশেদ আলী চৌধুরী।



অনুষ্ঠানে প্রধান অতিথি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ বাদল চন্দ্র বিশ্বাসসহ অন্য বিশেষ অতিথিবৃন্দ

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের দিনাজপুর অঞ্চলের অতিরিক্ত পরিচালক মোঃ হামিদুর রহমানের সভাপতিত্বে এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ বাদল চন্দ্র এতে দিনাজপুর ও রংপুর অঞ্চলের উপপরিচালক, অতিরিক্ত উপরিচালক, উপজেলা কৃষি কর্মকর্তা, অতিরিক্ত ও সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপসহকারী কৃষি কর্মকর্তাসহ কৃষক ও উদ্যোক্তারা উপস্থিত ছিলেন।

*মোঃ হারুন অর রশীদ, কৃতসা, রংপুর*



## বরিশালে লেবুজাতীয় ফসলের কর্মশালা অনুষ্ঠিত

বরিশালে লেবুজাতীয় ফসলের কর্মশালা ১ এপ্রিল ২০২৪ নগরীর মৎস বীজ খামারের হলরুমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে এই কর্মশালার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) অতিরিক্ত পরিচালক মো. শওকত ওসমান। ডিএই ঝালকাঠির উপপরিচালক মো. মনিরুল ইসলাম, ডিএইর অতিরিক্ত পরিচালক মো. শওকত ওসমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন লেবুজাতীয় ফসলের সম্প্রসারণ, ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্পের প্রকল্প পরিচালক ড. ফারুক আহমদ।

প্রধান অতিথি বলেন, একজন পূর্ণবয়স্ক লোকের দৈনিক ১৭০ গ্রাম ফল খাওয়া দরকার। অথচ আমরা খেতে পাই মাত্র ৫৩ গ্রাম। তাই অন্যান্য ফলের পাশাপাশি লেবুজাতীয় ফলের আবাদ বাড়ানো দরকার। তবেই পুষ্টির নিরাপত্তা নিশ্চিত হবে।

কর্মশালায় কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা অংশগ্রহণ করেন।

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*

## সিলেট জেলায় মাঠ ফসলের তথ্য সংগ্রহে ড্রোন ও স্যাটেলাইট ইমেজ ব্যবহার



কর্মশালায় সভাপতিত্ব করেন জনাব বাদল চন্দ্র বিশ্বাস, মহাপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (ADB) এর যৌথ উদ্যোগে এবং এডিবির টিএ প্রকল্পের মাধ্যমে আয়োজিত Use of drone and satellite imagery for crop monitoring and crop damage assessment কর্মশালায় সভাপতিত্ব করেন জনাব বাদল চন্দ্র বিশ্বাস, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মলয় চৌধুরী, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব Edimon Ginting, Country Director, ADB, Bangladesh Mission, জনাব তাজুল ইসলাম পাটোয়ারী, পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জনাব মো. রেজাউল ইসলাম, পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ড. মো. মাহবুবুর রহমান, যুগ্মসচিব, কৃষি মন্ত্রণালয়। কর্মশালায় উদ্বোধনী বক্তব্য প্রদান করেন ড. ফরিদা পারভীন, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও টিএ-ন্যাশনাল কোঅর্ডিনেটর, Using Frontier Technology and Big Data Analytics for Smart Infrastructure Facility Planning and Monitoring" প্রকল্প। আরো উপস্থিত ছিলেন ড. তাকাসি ইয়ামানো, প্রিন্সিপাল ইকোনমিস্ট, এডিবি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার কর্মকর্তবৃন্দ (ADB HQ, ADB, Bangladesh, IRRI, JICA, Embassy of Japan, World Bank) Creeds Ltd এডিবির কনসালট্যান্স ফার্ম হিসেবে এই প্রকল্পে মাঠপযায়ে ডাটা সংগ্রহে কারিগরি সহযোগিতা প্রদান করছেন।

এই প্রকল্পের মাধ্যমে সিলেট জেলায় ড্রোন ও স্যাটেলাইট ইমেজ ব্যবহার করে মাঠ ফসল মনিটরিং এবং বন্যা/আকস্মিক বন্যায় আক্রান্ত ফসলের পরিমাণ নির্ণয় এবং ক্ষতিগ্রস্ত জমির পরিমাণ নির্ণয় করা হবে যা বর্তমানে দ্রুত সময়ে নির্ভুলভাবে মাঠ ফসলের তথ্য সংগ্রহ করা যাবে। এটি সরকারের বন্যা পরবর্তী পুনর্বাসন কার্যক্রমের জন্য সিদ্ধান্ত গ্রহণে সহযোগিতা করবে। সর্বোপরি, এই আধুনিক প্রযুক্তিসমূহ সরকার ঘোষিত স্মার্ট বাংলাদেশ-২০৪১ গঠনে সহায়ক হবে। (১৭ এপ্রিল ২০২৪, বুধবার)

*প্রেসবিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*






বিদ্যমান কৃষি তথ্য ও যোগাযোগকেন্দ্রসমূহ শক্তিশালীকরণের মাধ্যমে ই-কৃষির বিস্তর কর্মসূচির উদ্যোগে ঈশ্বরদী উপজেলাস্থ 'মিরকামারী বাংলাদেশ কৃষক উন্নয়ন সমিতি লিমিটেড' এর সদস্যগণের উপস্থিতিতে এক উঠান বৈঠক ৮ এপ্রিল ২০২৪ অনুষ্ঠিত হয়। বৈঠকে ঈশ্বরদী উপজেলার স্বর্ণপদকজয়ী (বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার) খ্যাতনামা কৃষক জনাব বেলি বেগম, জনাব ময়েজ উদ্দিন (কুল ময়েজ) প্রমুখ কৃষক অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে কর্মসূচি সমন্বয়ক জনাব কে জে ফেরদৌস, কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, পাবনা এর সহকারী তথ্য অফিসার জনাব খালেদীন আনাম এবং ঈশ্বরদী উপজেলার অতিরিক্ত কৃষি অফিসার জনাব মাহমুদা মোতমাইন্না কৃষকদের সাথে মতবিনিময় করেন।

*কৃষিবিদ খন্দকার জান্নাতুল ফেরদৌস,কৃতসা, ঢাকা*



২৫ মার্চ ২০২৪ জাতীয় গণহত্যা দিবস উপলক্ষ্যে কৃষি তথ্য সার্ভিসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন কৃষি তথ্য সার্ভিসের পরিচালক ড. সুরজিত সাহা রায় এর নেতৃত্ব উর্ধ্বতন কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। এ সময় কৃষি তথ্য সার্ভিসের প্রধান তথ্য অফিসার বি এম রাশেদুল আলম এবং গণযোগাযোগ শাখার প্রধান উপপরিচালক ফেরদৌসী ইয়াসমিন উপস্থিত ছিলেন।

*প্রেসবিজ্ঞপ্তি, কৃতসা, ঢাকা*

## খুলনার দিঘলীয়ায় কৃষক সেবাকেন্দ্র উদ্বোধন

*প্রথম পাতার পর*

তিনি প্রায় সাড়ে তিনশ' কৃষকের সাথে মতবিনিময় শেষে উক্ত প্রকল্পের মাঠ দিবসে উপস্থিত থেকে ২৫ জন কৃষকের মাঝে মাশরুম চাষের উপকরণ বিতরণ করেন। এর পূর্বে দিঘলীয়া উপজেলার ঐতিহ্যবাহী সেনহাটি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে বঙ্গবন্ধু চত্বরের উদ্বোধন করেন।

মতবিনিময় অনুষ্ঠানে কৃষি সচিব বলেন, দিঘলীয়াসহ দক্ষিণাঞ্চলের উপজেলাগুলো এক সময় অবহেলিত ছিল। বর্তমান কৃষিবান্ধব সরকারের ঐকান্তিক প্রচেষ্টায় এখানে কৃষকের মুখে হাসি ফুটেছে। কৃষি আধুনিকায়নের জন্য ভর্তুকিমূল্যে কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হবে। সেইসাথে অত্র অঞ্চলের সেচ সমস্যা সমাধানের লক্ষ্যে খাল খননসহ স্থানীয় সেচ ব্যবস্থার উন্নয়ন কার্যক্রম অব্যাহত থাকবে।

এ সময় প্রকল্পের ফোকাল পয়েন্ট ড. বিজয় কৃষ্ণ বিশ্বাস জানান, এ প্রকল্পের মাধ্যমে নির্মিত কৃষক সেবা কেন্দ্রে প্রতি মাসে কৃষক ক্লাবের সদস্যদের একজন এমবিবিএস ডাক্তার কর্তৃক স্বাস্থ্যসেবা প্রদান করা হবে। এখানে নিয়মিত আধুনিক কৃষি প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করার ব্যবস্থা রয়েছে। এছাড়াও ক্লাবের সদস্যগণের মাধ্যমে ইতোমধ্যে বিভিন্ন প্রদর্শনী বাস্তবায়ন করা হয়ে থাকে, যা দেখে এলাকার অন্যান্য কৃষকগণ উদ্বুদ্ধ হন। কৃষিকে আরো আধুনিক করতে এ প্রকল্পের পক্ষ থেকে ২৫% ভর্তুকীতে প্রয়োজনীয় কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হবে।

খুলনা অঞ্চলের অতিরিক্ত পরিচালক জনাব মোহন কুমার ঘোষের সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ডিএই খুলনা এর উপপরিচালক কাজী জাহাঙ্গীর হোসেন, উপজেলা চেয়ারম্যান জনাব শেখ মারুফুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার জনাব মাসুম বিল্লাহ। উপজেলা কৃষি অফিসার জনাব কিশোর আহমেদ এ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন।

*কৃষিবিদ শারমিনা শামিম, কৃতসা, খুলনা*

## জাতীয় শিশু দিবস ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী

*শেষ পাতার পর*

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ফারজানা মমতাজ, অতিরিক্ত সচিব (প্রশাসন), কৃষি মন্ত্রণালয়। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন কৃষি মন্ত্রণালয়ের সচিব ওয়াহিদা আক্তার। এর আগে কৃষি মন্ত্রণালয়সহ এর আওতাধীন বিভিন্ন দপ্তর সংস্থার কর্মকর্তাগণ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন (১৭ মার্চ ২০২৪, রোববার)

*প্রেসবিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতি মোকাবিলায়

*প্রথম পাতার পর*

উৎপাদন ও খাদ্য নিরাপত্তা বজায় রাখতে আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। এর ফলে জলবায়ু পরিবর্তনসহনশীল কৃষি প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণের মাধ্যমে কৃষি উৎপাদন ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। ইমেরিটাস অধ্যাপক এমএ সাত্তার মণ্ডলের সভাপতিত্বে ও সাবেক কৃষিসচিব আনোয়ার ফারুকের সঞ্চালনায় অনুষ্ঠানে মিশিগান স্টেট ইউনিভার্সিটির সিনিয়র অ্যাসোসিয়েট ডিন জর্জ স্মিথ, ডিরেক্টর অব ইন্টারন্যাশনাল প্রোগ্রাম করিম মেয়ারদিয়া, গ্লোবাল অ্যালায়েন্স ফর সায়েন্সের এক্সিকিউটিভ ডিরেক্টর শেইলা কাকা ওচুগবোজু, ফার্মিং ফিউচার বাংলাদেশের সিইও আরিফ হোসেন বক্তব্য রাখেন।

*প্রেসবিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*



কৃষিতে আইসিটি

সম্প্রসারণ বার্তা
৪৭তম বর্ষ ❑ ১২তম সংখ্যা
❑ চৈত্র-১৪৩০ বঙ্গাব্দ; মার্চ-এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ

## ৩০% খাদ্য অপচয় হয়, কমাতে পারলে খাদ্য নিরাপত্তা শক্তিশালী হবে-মাননীয় কৃষিমন্ত্রী




*শ্রীলঙ্কার রাজধানী কলম্বোতে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) ৩৭তম এশিয়া ও প্যাসিফিক আঞ্চলিক সম্মেলনে খাদ্য ও পানি সংরক্ষণ এবং খাদ্য অপচয়রোধ শীর্ষক সেশনে উপস্থিত ছিলেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুস শহীদ এমপি*

মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুস শহীদ এমপি বলেছেন, বাংলাদেশে ফসল সংগ্রহের পর বিভিন্ন পর্যায়ে প্রায় ৩০ শতাংশ ফসল ও খাদ্য নষ্ট এবং অপচয় হয়। খাদ্য নিরাপত্তার ক্ষেত্রে এটি খুবই গুরুত্বপূর্ণ। খাদ্য নষ্ট ও অপচয়ের পরিমাণ কমাতে পারলে আমাদের খাদ্য নিরাপত্তা ব্যবস্থা আরো শক্তিশালী হবে।

২১ ফেব্রুয়ারি ২০২৪ বুধবার দুপুরে শ্রীলঙ্কার রাজধানী কলম্বোতে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) ৩৭তম এশিয়া ও প্যাসিফিক আঞ্চলিক *এরপর পৃষ্ঠা ৩ কলাম ৩*

## তুলা চাষে ১০ কোটি টাকার প্রণোদনা ঘোষণা

তুলা চাষে প্রথমবার প্রণোদনা দিচ্ছে সরকার। তুলার উৎপাদন বাড়াতে ৯ কোটি ৯০ লাখ টাকার প্রণোদনা দেয়া হবে। সোমবার, ১ এপ্রিল ২০২৪ কৃষি মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। ২৬টি জেলার ১২ হাজার ৩৭৫ জন কৃষক জনপ্রতি এক বিঘা জমিতে তুলা চাষের জন্য প্রয়োজনীয় হাইব্রিড তুলা বীজ, ২৬ কেজি ইউরিয়া, ৫০ কেজি ডিএপি ও ৫০ কেজি এমওপি সার এবং বিভিন্ন রকমের বালাইনাশক ও বৃদ্ধি নিয়ন্ত্রক বিনামূল্যে পাবেন। এসব উপকরণের বাজারমূল্য ৮ হাজার টাকা। তুলা উন্নয়ন বোর্ডের নির্বাহী পরিচালক ফখরে আলম ইবনে তাবিব জানিয়েছেন, প্রথমবারের মতো তুলা চাষে কৃষকদের প্রণোদনা প্রদান করা হচ্ছে। কৃষি মন্ত্রণালয়ের নিয়মিত বাজেটে কৃষি পুনর্বাসন সহায়তা এবং বীজ ও চারা খাত থেকে এ প্রণোদনা প্রদান করা হচ্ছে। এ সংক্রান্ত সরকারি আদেশ ইতোমধ্যে জারি হয়েছে। মাঠপর্যায়ে শীঘ্রই এসব প্রণোদনা বিতরণ কার্যক্রম শুরু হবে।

*প্রেসবিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## জাতীয় শিশু দিবস ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভা






*আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি, সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ*

রাজধানীর ফার্মগেটস্থ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের অডিটোরিয়ামে "জাতীয় শিশু দিবস ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি, সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এবং বাদল চন্দ্র বিশ্বাস, মহাপরিচালক, *এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩*

সম্পাদক : কৃষিবিদ ফেরদৌসী বেগম
কৃষি তথ্য সার্ভিসের অফসেট প্রেসে মুদ্রিত ও প্রেস ম্যানেজার কৃষিবিদ খন্দকার জান্নাতুল ফেরদৌস কর্তৃক প্রকাশিত, গ্রাফিক্স ডিজাইন : মনোয়ারা খাতুন
ফোন : ০২৫৫০২৮২৬০, ইমেইল : dirais@ais.gov.bd, editor@ais.gov.bd ওয়েবসাইট : www.ais.gov.bd